

রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
আরবিটিআই সহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি :

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/১৬
তারিখ : ২০-০৭-২০১১

বিষয় :- ২(দুই) লক্ষ নতুন হিসাব খোলার লক্ষ্যমাত্রা পূরণ প্রসঙ্গে।

অত্র ব্যাংকের Stable Deposit Base গড়ে তোলার লক্ষ্যে উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগের ১০-০২-২০১১ ইং তারিখের প্রকা/উন্নয়ন/০৩ নং ইস্তেহারের মাধ্যমে ১৫-০২-২০১১ হতে ১৪-০৫-২০১১ পর্যন্ত গ্রাহক সেবা ও আমানত সংগ্রহ কর্মসূচী পালন এবং শাখা/অঞ্চলে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদেরকে সম্পৃক্ত করে আমানত সংগ্রহের নিমিত্তে শাখার গ্রেড/অবস্থান অনুযায়ী নিম্নবর্ণিত সংখ্যক নতুন হিসাব খোলার লক্ষ্যমাত্রা প্রদান করা হয় :-

ক্রমিক নং	শাখার গ্রেড/অবস্থান	হিসাব সংখ্যা
০১.	স্থানীয় কার্যালয়	৩০০০
০২.	কর্পোরেট শাখা (পুরাতন)	১৫০০
০৩.	কর্পোরেট শাখা (নতুন)	১২০০
০৪.	কর্পোরেট শাখা-২	১০০০
০৫.	বিভাগীয় শহরে অবস্থিত শাখা	৮০০
০৬.	জেলা সদরে অবস্থিত শাখা	৬০০
০৭.	উপজেলা সদরে অবস্থিত শাখা	৪০০
০৮.	অন্যান্য স্থানে অবস্থিত শাখা	৩০০

এপ্রিল-২০১১ ভিত্তিক অঞ্চল ও শাখাসমূহের নতুন হিসাব খোলার বিবরণী পর্যালোচনান্তে প্রায় সকল শাখা কর্তৃক তুলনামূলকভাবে হিসাব খোলার লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে পুনরায় ১৬-০৫-২০১১ ইং তারিখের প্রকা/উন্নয়ন/০৮নং ইস্তেহারের মাধ্যমে “**গ্রাহক সেবা এবং আমানত সংগ্রহ কর্মসূচী**” জুলাই-২০১১ পর্যন্ত বর্ধিত করা হয়। কিন্তু জুন-২০১১ ভিত্তিক বিবরণী পর্যালোচনায় দেখা যায়, লক্ষ্যমাত্রার অর্ধেক সংখ্যক নতুন হিসাবও খোলা হয়নি। যার প্রেক্ষিতে পরিচালনা পর্ষদ অসন্তোষ প্রকাশ করে ডিসেম্বর-২০১১ এর মধ্যে অবশ্যই সকল শাখার মাধ্যমে ২(দুই) লক্ষ নতুন হিসাব খোলার লক্ষ্যমাত্রা পূরণের নির্দেশ প্রদান করে।

শাখাগুলোকে ব্যাংকের আমানত বৃদ্ধিকল্পে নতুন হিসাব খোলার প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এ বিষয়ে যা করণীয় তা নিম্নে সন্নিবেশিত করা হলো :-

১। শাখার Command Area survey করে নতুন নতুন সম্ভাব্য আমানতকারীর সঙ্গে যোগাযোগ করে আমানত এবং অন্যান্য ব্যবসায় সংগ্রহের প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

২। এতদুদ্দেশ্যে শাখার সেবার মান উন্নয়ন, নতুন ও চলমান আমানতি প্রডাক্টের ব্যাপক প্রচারণা, প্রবাসী বাংলাদেশীদেরকে হিসাব খোলার অনুরোধ জানিয়ে পত্র প্রদান, স্থানীয় রাজনীতিক, জনপ্রতিনিধি ও সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ ও সু-সম্পর্ক স্থাপন করে হিসাব ও আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

৩। আমানত সংগ্রহের ক্ষেত্রে No Cost এবং Low Cost Deposit-এর উপর গুরুত্ব আরোপ করতে হবে। Low Cost আমানত Matching করে Stable Deposit Base গড়ে তুলতে হবে।

৪। শাখায় কর্মরত সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে নতুন হিসাব খোলার জন্য সম্পৃক্ত করতে হবে। সাপ্তাহিক/মাসিক ভিত্তিতে প্রত্যেককে আলাদা আলাদাভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে এবং তা সংশ্লিষ্ট মেয়াদান্তে মূল্যায়ন পূর্বক প্রয়োজনীয় নির্দেশনা/পদক্ষেপ গ্রহণ করতে হবে।

অতএব, উপরোক্ত নির্দেশনা অনুসরণ করে ডিসেম্বর-২০১১ এর মধ্যে অবশ্যই শাখার অবস্থান/গ্রেড অনুযায়ী নতুন হিসাব খোলার লক্ষ্যমাত্রা পূরণ এবং প্রতি মাস শেষে “ছক” মোতাবেক এতদসংক্রান্ত বিবরণী উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো।

(জাকিয়া সুলতানা)
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক (উন্নয়ন)